# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যাবলি

জাতীয় সঞ্চয় অধিদপ্তর জনগণকে সঞ্চয়ে উৎসাহিত করা, জাতীয় সঞ্চয় স্কিমের কার্যকর বাস্তবায়ন এবং সরকারের অভ্যন্তরীণ ঋণ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অধিদপ্তরের প্রধান কার্যাবলি নিম্নরূপ—

১. জাতীয় সঞ্চয় স্কিমের আওতাধীন বিভিন্ন সঞ্চয়পত্র ইস্যু, লভ্যাংশ/মুনাফা প্রদান, মেয়াদপূর্তি, নগদায়নসহ সংশ্লিষ্ট লেনদেন কার্যক্রম পরিচালনা করা।

২. জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করা এবং সঞ্চয়বান্ধব জনসচেতনতা সৃষ্টি করা।

৩. জাতীয় সঞ্চয় স্কিমের প্রচার ও প্রসারের লক্ষ্যে হ্যান্ডবিল, ব্রোশিয়ার, পুস্তিকা, পোস্টার, স্টিকার, বার্ষিক প্রতিবেদন, নোটপ্যাড, প্রচারসামগ্রী ইত্যাদি প্রণয়ন, মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ করা।

৪. জাতীয় সঞ্চয় স্কিম-সংক্রান্ত নীতিমালা, আইন, বিধি, প্রবিধান, পরিপত্র ও নির্দেশনা প্রণয়ন, সংশোধন, বাস্তবায়ন এবং এ-সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম সম্পাদন করা।

৫. জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন, বিনিয়োগ, মুনাফা ও নগদায়ন সংক্রান্ত হিসাব সংরক্ষণ, যাচাই, বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রস্তুত করা।

৬. বাংলাদেশ ব্যাংক, তফসিলি ব্যাংক, ডাকঘর এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে হিসাব সমন্বয় ও নিষ্পত্তি কার্যক্রম পরিচালনা করা।

৭. জাতীয় সঞ্চয় স্কিমের কার্যক্রমে তথ্যপ্রযুক্তির ব্যবহার, অনলাইন সেবা সম্প্রসারণ, ডিজিটাল প্ল্যাটফর্ম পরিচালনা এবং সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৮. জাতীয় সঞ্চয় অধিদপ্তর এবং এর আওতাধীন বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহের প্রশাসনিক কার্যক্রম পরিচালনা, তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন করা।

৯. কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও কর্মকর্তা সম্মেলনের আয়োজন করা।

**১০.** প্রশাসনিক মন্ত্রণালয়ের সঙ্গে বার্ষিক সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন, অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং অধীনস্থ দপ্তরের GPMS কার্যক্রম সমন্বয় করা।

১১. সরকার নির্ধারিত ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)’ অনুযায়ী অভিযোগ গ্রহণ, নিষ্পত্তি, পরিবীক্ষণ এবং নিয়মিত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা।

১২. ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী তথ্য প্রকাশ, তথ্য প্রদান এবং তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন করা।

১৩. সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন, বাস্তবায়ন, হালনাগাদ, পরিবীক্ষণ এবং সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

১৪. উদ্ভাবন (Innovation) কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম গঠন, বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভা আয়োজন, কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা।

১৫. আর্থিক ব্যবস্থাপনা, বাজেট প্রণয়ন, ক্রয় কার্যক্রম, সম্পদ ব্যবস্থাপনা এবং সরকারি বিধি-বিধান অনুযায়ী প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনা করা।

১৬. জাতীয় সঞ্চয় স্কিমের কার্যক্রম পরিবীক্ষণ, পরিদর্শন, নিরীক্ষা-সংক্রান্ত কার্যক্রমে সহযোগিতা এবং অনিয়ম প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

১৭. সঞ্চয় কার্যক্রমের পরিসংখ্যান, তথ্যভান্ডার ও ব্যবস্থাপনা তথ্য (MIS) সংরক্ষণ, বিশ্লেষণ এবং নীতিনির্ধারণে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।

১৮. সরকারের নির্দেশনা অনুযায়ী জাতীয় সঞ্চয় স্কিম-সংক্রান্ত অন্যান্য দায়িত্ব ও কার্যক্রম সম্পাদন করা।